



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ই-মেইলঃ dgmpd2@krishibank.org.bd
ওয়েবঃ www.krishibank.org.bd
পিএবিএক্স: ৯৫৬০০২১-২৫/২২৩৩/২২৭৪
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১



সার্কুলার লেটার নং- ০১/২০২১

তারিখ : ২০-০৪-২০২১ ইং

বিষয় : আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীদের এপ্রিল, ২০২১ মাসের বেতন হতে বিভিন্ন অগ্রিমের পরিশোধ-কিস্তি কর্তন স্থগিতকরণ প্রসংগে।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনের প্রেক্ষিতে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী কর্তৃক গৃহনির্মাণ, মোটর সাইকেল, বাইসাইকেল, কম্পিউটার এবং মোবাইল ফোন ক্রয়ের জন্য গৃহীত অগ্রিমের এপ্রিল, ২০২১ মাসের পরিশোধ-কিস্তি কর্তন সাধারণভাবে স্থগিত করা হলো। তবে ভবিষ্য তহবিলের অগ্রিম পরিশোধ-কিস্তি কর্তন যথারীতি অব্যাহত থাকবে।

০২। যদি কোন কর্মকর্তা-কর্মচারী তার বেতন হতে উক্ত পরিশোধ-কিস্তি কর্তন যথারীতি অব্যাহত রাখার ইচ্ছা পোষণ করেন, সেক্ষেত্রে তাকে কিস্তি কর্তন অব্যাহত রাখার অনুকূলে বেতন আয়ন-ব্যয়ন কর্তৃপক্ষের বরাবর লিখিত ইচ্ছাপত্র প্রদান করতে হবে।

অনুমোদনক্রমে-

(মোঃ আবু ছাদেক মিয়া)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৫৬৯১১

প্রকা/এইচআরএমডি-১/অংশ-২/৩৭(২)(৩০)বিবিধ/২০২০-২০২১/২৬৯৬

তারিখ : ২০-০৪-২০২১ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের মহোদয়ের দপ্তর, বিকেবি/ অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (সার্কুলার লেটারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো)।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
- ০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বিকেবি (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
- ০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
- ০৮। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
- ০৯। সভাপতি/সাধারণ সম্পাদক, বিকেবি কর্মচারী ইউনিয়ন-সিবিএ।
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক, বিকেবি অফিসার্স ঐক্য পরিষদ।
- ১১। নথি/মহানথি।

(মোঃ রেজাউল করিম আকন্দ)

সহকারী মহাব্যবস্থাপক